

# Telephonic Conversation between PM and Crown Prince of Abu Dhabi

March 26, 2020

প্রধানমন্ত্রী এবং আবুধাবির যুবরাজের মধ্যে টেলিফোনে কথোপকথন

মার্চ 26,2020

প্রধানমন্ত্রী আজ আবুধাবির মহামান্য যুবরাজ শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহয়ান-এর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন। উভয় নেতা, চলতে থাকা কোভিড-19 অতিমারি, তাদের নিজ নিজ দেশের পরিস্থিতি সেই সঙ্গে তাদের নিজ নিজ সরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপের উপরে তাদের দৃষ্টিভঙ্গি এবং তথ্যাদির বিনিময় করেছেন। তারা সহমত হয়েছেন যে, ভাইরাসের বিস্তারকে নিয়ন্ত্রণ করার জন্য আগামী কয়েকটি সপ্তাহ অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে, এবং সকল দেশের মিলিত ও সমন্বয়ী প্রচেষ্টার প্রয়োজনীয়তা রয়েছে। এই প্রসঙ্গে, অতিমারি নিয়ে আলোচনার জন্য সকালে জি20 নেতাদের মধ্যে ভার্চুয়াল শীর্ষসম্মেলনের আয়োজনের তারা প্রশংসা করেছেন।

মহামান্য যুবরাজ ইউএই-তে বসবাসকারী 20 লক্ষর বেশী ভারতবাসীর মঙ্গলের বিষয়ে প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছেন। বর্তমান পরিস্থিতিতে অবাধে ঘুরে বেড়ানো ভারতীয়দের স্বাস্থ্য এবং সুরক্ষার প্রতি যুবরাজের ব্যক্তিগতভাবে যত্ন নেবার জন্য প্রধানমন্ত্রী তাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

প্রধানমন্ত্রী, যুবরাজ এবং তার পরিবারবর্গ ও তৎসহ সকল এমিরেটস নাগরিকদের সুস্বাস্থ্যের জন্য তার শুভকামনা ব্যক্ত করেছেন। যুবরাজ শুভ কামনার উষ্ণ প্রতিদান দিয়েছেন।

নিউ দিল্লি

মার্চ 26,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.